

শেখুবি শিক্ষক কর্মকর্তা পরস্পরের বিরুদ্ধে স্মারকলিপি পেশ

ইনকিলাব রিপোর্ট : শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-কর্মকর্তাদের বিরোধ বর্তমানে চরম আকার ধারণ করেছে। একে অপরের বিরুদ্ধে ভিসির নিকট স্মারকলিপি পেশসহ বিভিন্ন প্রতিবাদ সভার আয়োজন করছেন। জানা যায়, গত ১৬ ডিসেম্বর জাতীয় শ্রুতিসৌধে কর্মকর্তারা মাইক্রোবাসে গেলেও গাড়ী বস্ত্রভায়ে শিক্ষকরা যেতে না পারায় ওইদিন থেকে হন্দু প্রকাশ্য রূপ লাভ করে। ১৯ ডিসেম্বর কর্মকর্তাদের বিরুদ্ধে নানা অভিযোগ এনে শিক্ষকরা এক প্রতিবাদ সভায় মিলিত হন। সভায় শিক্ষকরা কর্মকর্তাদের বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ও একাডেমিক ব্যাপারে সদস্য সচিবকরণ, বিভিন্ন কার্যক্রমে কর্মকর্তাদের হস্তক্ষেপ, ক্যান্সাসের বিভিন্ন স্থাপনা দখল করে কর্মকর্তাদের অবৈধভাবে বসবাস ইত্যাদি নানাবিধ বিষয় থেকে পরিষ্কার দক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণের জন্য ভিসির নিকট স্মারকলিপি দেন। অপরদিকে শিক্ষকদের হিন্দুপূর্ণ আচরণ ও কর্মকর্তাদের কটাক্ষ ও হেয়প্রতিপন্ন করে ভিসির নিকট স্মারকলিপি দেয়ার ২৬ ডিসেম্বর কর্মকর্তারা এক জরুরী সভায় মিলিত হন। সভায় কর্মকর্তারা প্রশাসনিক বিভিন্ন পদে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের পরিবারে দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা নিয়োগ, বিভিন্ন উপ-কমিটিতে কর্মকর্তাদের সম্মানজনক অংশগ্রহণ, শিক্ষক ও কর্মকর্তাদের আনুষ্ঠানিক হায়ে বাসা বরাদ্দকরণ, কর্মকর্তাদের যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থাকরণ, শিক্ষকদের মত বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান এবং শূন্যপদসমূহ অবিলম্বে পূরণকরণসহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে তা ভিসির নিকট ২৯ ডিসেম্বর পেশ করেন। এই দাবীসমূহ আগামী ৩ জানুয়ারীর মধ্যে না-খানা হলে প্রতিবাদ সভা, সাংবাদিক সফেলন, মানববন্ধন, অবস্থান ধর্মঘট পালন করবে বলে তারা স্মারকলিপিতে উল্লেখ করেন। শিক্ষক-কর্মকর্তাদের হন্দু প্রকাশ্য রূপ লাভ করার উত্তরপক্ষে দিন দিন অসন্তোষ বৃদ্ধি পাচ্ছে। এরফলে একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন কার্যক্রমের ব্যাঘাত ঘটছে বলে অনেকে জানিয়েছেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের ভিসি শিক্ষক-কর্মকর্তাদের এ বিরোধ অচিরেই ঠিক হয়ে যাবে বলে আশা প্রকাশ করেছেন।